Date: 24.10.2025

To
**The Manager**
Listing Department
BSE Limited
Phiroze Jeejeebhoy Towers, Dalal Street
Mumbai – 400001
**Scrip Code: 540097**

Dear Sir/Madam,

**Subject: Newspaper Publication of Financial Results pursuant to Regulation 47 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 for the quarter and half year ended September 30th, 2025.**

Pursuant to Regulation 47 of Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, we would like to inform you that we have published the Unaudited Financial Results (Standalone and Consolidated) of the Company for the quarter and half year ended 30th September, 2025, in the following newspapers:

1. The Economic Times (English Newspaper) Edition dated October 24, 2025 (Friday)
2. Dainik Statesman (Regional Newspaper) Edition dated October 24, 2025 (Friday)

The copy of the above newspaper publication is enclosed herewith.

You are requested to take the aforesaid information on records.

Thanking you,

Yours sincerely

For **GAMCO LIMITED**
(Formerly known as Visco Trade Associates Ltd)

RISBH KUMAR SINGHI
Digitally signed by RISBH KUMAR SINGHI
Date: 2025.10.24 13:22:04 +05'30'

**Risbh Kumar Singhi**
**Company Secretary & Compliance Officer**

ePaper | THE ECONOMIC TIMES
View in PDF
Print View Digital View Wealth Magazine
Kolkata 24 Oct, 2025 Sign In
Your free preview ends in 78 seconds Subscribe to ETPrime



DESPITE APPREHENSIONS OF INDUSTRY

# DoT Notifies Cybersecurity Rule Changes

## Tech industry and experts term revised rules as too overarching



**Kiran Rathee**

**New Delhi:** The Department of Telecommunications (DoT) has notified the amended cybersecurity rules, despite apprehensions of the tech industry, as it feels the rules are needed to check surging cyber frauds and phishing instances.

The tech industry and experts have termed the revised rules as too overarching, potentially bringing non-telecom firms under the ambit of DoT while also compromising the privacy of consumers.

Officials, however, clarified to **ET** that the rules will be mandatory only for the telecom operators, which are licensees of the DoT, and other entities like banks, financial institutions and insurance firms etc can come on board voluntarily.

**As part of the new rules, the DoT plans to set up a mobile number validation (MNV) platform**

"The fears are unfounded and their own creative thought process. The DoT doesn't intend to regulate anyone apart from the telecom firms, which are licensees," an official said.

As part of the new rules, the DoT plans to set up a mobile number validation (MNV) platform, through which it can be checked if mobile number belongs to the right person by checking the know your customer (KYC) details. The telcos who have the data will do the verification. The platform, which will be launched in coming months, can be used by banks, financial institutions, insurance firms etc to verify details of customers while opening new accounts, which will solve to a large extent the problem of cyber frauds and phishing instances, officials said.

Currently, there is no legal mechanism that ensures that mobile numbers linked to bank accounts truly belong to account holders.

To plug this gap, the DoT has amended the telecom cyber security rules and put in an enabling mechanism to set up MNV platform letting banks and fintech firms to verify ownership of telephone numbers directly with telecom providers. "Telcos have to mandatorily onboard the platform while others can do it voluntarily, if they feel it benefits them," an official clarified.

Players like ecommerce entities and food delivery platforms are not regulated under the amended rules but if these players too want to verify mobile numbers, they too can get it done on the MNV platform by paying a fee. A section of stakeholders, particularly privacy activists and tech players, have expressed concerns over the amended rules. They feel the new rules are too overarching and compromise the privacy of consumers as the government can force any entity or person using a mobile number to share details as the rules will apply to all 'telecommunication identifier user entities' (TIUEs).

# Sanctions Cloud RIL, Nayara Earnings Outlook

## RIL may face a hit of up to ₹3,500 crore on Ebitda due to the US-imposed restrictions which it can absorb, say analysts

**Kalpana Pathak**

**Mumbai:** The latest US decision to sanction Russia's two largest oil companies —Rosneft and Lukoil —may have an impact of ₹3,000-3,500 crore on the earnings before interest, taxes, depreciation, and amortization (Ebitda) of Reliance Industries according to analysts.

Reliance and Nayara Energy will be most impacted from the fresh round of sanctions by the US Treasury Department on Wednesday, followed by the state-run oil marketing companies —Indian Oil Corporation, Bharat Petroleum Corporation and Hindustan Petroleum Corporation.

According to analysts Russian crude in the oil-to-chemicals (O2C) portfolio of RIL could be around 20-25%.

RIL has a long-term deal to buy nearly 500,000 barrels per day of crude from Russian oil major Rosneft.



"RIL which had signed a crude supply deal with Rosneft, will not be able to honour their agreement given the fresh sanctions," said an analyst tracking RIL, adding that the move can actually push the cost by about 12% for the refining segment as they will have to find new sources of crude.

RIL's Ebitda from the O2C segment is at ₹15,008 crore today. This against an overall group Ebitda of ₹50,367 crore.

"Therefore, even if there is a hit, the maximum hit could be of about, ₹3,000-3,500 crore. So in the overall scheme of things, from the group perspective, RIL may be able to absorb the hit and move on," the analysts added.

According to analysts, every $1 per barrel increase in gross refining margin translates to a 2% increase in consolidated Ebitda and a 3-4% increase in net profit for RIL.

RIL's in its financial presentation for the second quarter said that quarter-on-quarter Ebitda for the O2C segment though improved with higher fuel cracks, was partially offset by the original selling price of Middle East crude and weaker downstream margins.

RIL, Nayara Energy and the OMCs did not reply to an email query sent.

According to another analysts, the state-run oil marketing companies may be more vulnerable to the latest sanctions as refining and marketing is their core business.

"Even though the state-run OMCs don't have term contracts, they have been getting a steady supply of crude from Russia. So for them, if I look at 30% crude supply going away and maybe a $2-3 per barrel hit on discounts, it could have a significant impact on overall numbers," said a second analyst, adding that even a $1 per barrel hit on the gross refining margins can impact the overall earnings by nearly 9-10%.

For Nayara Energy, where Rosneft owns nearly 50%, the struggle for crude oil supply and selling the refined products may get more challenging.

Nayara Energy, operates the Vadinar refinery in Gujarat, and is already operating at a 60-70% throughput capacity against after the first round of sanctions in July.

Analysts however said that since there is spare crude oil capacity with the OPEC bloc currently, the supply may not be as much a concern as pricing would be. "Middle Eastern crude is available in ample supply, but this new sanctions means prices will spike," said the second analyst.

Historically, India has been significantly importing from West Asia. But, after the Russia-Ukraine war in 2022, and a $60-per-barrel price cap imposed by the Group of Seven nations to limit Russia's oil revenues, made Russia an attractive destination to procure crude.

GAMCO
LET'S GROW

**GAMCO LIMITED**
**(Formerly known as Visco Trade Associates Limited)**
**Regd. Office: 25A, S.P. Mukherjee Road, 3rd floor, Bhawanipore, Kolkata- 700025**
**CIN: - L57339WB1983PLC035628; Contact No.: 033 24750073;**
**E-Mail:- tradevisco@gmail.com; Website: - www.gamco.co.in**

**Extract of Unaudited Financial Results for the quarter and half year ended 30 September, 2025** (Rs.in Lakhs)

| Sl.No. | Particulars | Standalone | | | | | | Consolidated | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Quarter ended 30.09.2025 Unaudited | Quarter ended 30.06.2025 Unaudited | Quarter ended 30.09.2024 Unaudited | Half year ended 30.09.2025 Unaudited | Half year ended 30.09.2024 Unaudited | Year ended 31.03.2025 Audited | Quarter ended 30.09.2025 Unaudited | Quarter ended 30.06.2025 Unaudited | Quarter ended 30.06.2024 Unaudited | Half year ended 30.09.2025 Unaudited | Half year ended 30.09.2024 Unaudited | Year ended 31.03.2025 Audited |
| 1 | Total Income from Operations | 6,785.50 | 5,220.34 | 2,064.40 | 12,005.83 | 5,495.93 | 5,096.94 | 8,717.89 | 5,524.47 | 2,286.82 | 14,242.34 | 5,997.10 | 6,246.32 |
| 2 | Net Profit/(Loss) for the period (before tax exceptional and/or extraordinary items) | (937.21) | 1,907.20 | 1,396.45 | 969.98 | 3,679.09 | 612.15 | (984.67) | 1,956.91 | 1,430.84 | 972.21 | 3,713.64 | 785.13 |
| 3 | Net Profit/(Loss) for the period before tax (after exceptional and/or extraordinary items) | (937.21) | 1,907.20 | 1,396.45 | 969.98 | 3,679.09 | 612.15 | (984.67) | 1,956.91 | 1,430.84 | 972.21 | 3,713.64 | 785.13 |
| 4 | Net Profit/(Loss) for the period after tax (after exceptional and/or extraordinary items) | (775.20) | 1,451.65 | 1,026.79 | 676.43 | 2,900.18 | 516.28 | (836.02) | 1,488.60 | 1,055.51 | 652.55 | 2,928.56 | 644.78 |
| 5 | Total Comprehensive income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and other comprehensive income (after tax)] | (775.20) | 1,474.40 | 1,044.81 | 699.18 | 2,918.20 | 548.90 | (824.67) | 1,502.46 | 1,073.53 | 677.75 | 2,946.58 | 676.49 |
| 6 | Paid-up Equity Share Capital (Face Value Re 2/- per share) | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 |
| 7 | Earnings Per Share Basic & diluted (in Rs) | (1.43) | 2.69 | 1.90 | 1.25 | 5.37 | 0.96 | (1.54) | 2.73 | 1.95 | 1.20 | 5.42 | 1.19 |

Notes:
1)The above results were reviewed by the Audit Committee and taken on record by the Board of Directors in their meeting held on October 22, 2025.
2) The above is an extract of the detailed format of Financial Results for the quarter and half year ended September 30, 2025 filed with Stock Exchanges under regulation 33 of SEBI (Listing obligation and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Financial Results for the quarter and half year ended September 30, 2025 are available on the Stock Exchange website. www.bseindia.com and the Company's website www.gamco.co.in

For GAMCO Limited
(Formerly known as Visco Trade Associates Ltd)
Sd/-
Rajeev Goenka
Managing Director
DIN: 03472302

Place : Kolkata
Date : 22-10-2025




search

## নিগ্রহের প্রতিবাদে চিকিৎসকদের কর্মবিরতি

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া, ২৩ অক্টোবর**— উলুবেড়িয়ার শরৎচন্দ্র মেডিক্যাল কলেজে জুনিয়র চিকিৎসকের নিগ্রহের ঘটনার প্রতিবাদ জানাতে কর্মবিরতির ডাক ডাক্তারদের। আজ সকাল ৯টা থেকে দুপুর ২টো পর্যন্ত ৫ ঘণ্টা ধরে একাধিক দাবি নিয়ে কর্মবিরতির ডাক দিয়েছে রেসিডেন্ট ডক্টর অ্যাসোসিয়েশন। জরুরি বিভাগ সহ সব বিভাগই বন্ধ থাকবে বলে জানা গিয়েছে। এইরকম পরিস্থিতিতে রোগী ও রোগীদের পরিবার সমস্যায় পড়তে পারে বলে জানা গিয়েছে। শুক্রবার এই কর্মবিরতিতে চিকিৎসকদের দাবিগুলি হল হাসপাতালের নিরাপত্তা বৃদ্ধি, অভিযুক্ত অস্থায়ী হোমগার্ডকে বরখাস্ত করা, হাসপাতালের পুলিশ ফাঁড়িতে পুলিশকর্মী বাড়ানো, প্যানিক বোতাম লাগানো, ওয়ার্ডে ঢোকার মুখে লিফট বন্ধ রাখা, মাত্র একজন করে রোগীর আত্মীয়দের অনুমতি দেওয়া, কর্মীদের সচিত্র পরিচয়পত্র তৈরি করা। এই ১১ দফা দাবি নিয়ে হাসপাতালে আজ কর্মবিরতি পালন করবে ডাক্তাররা।

রেসিডেন্ট ডক্টর অ্যাসোসিয়েশনের নেওয়া এই সিদ্ধান্তের জেরে চিন্তায় রোগী ও রোগীদের পরিবার। হাসপাতাল কর্তৃপক্ষের পক্ষ থেকে নিরাপত্তার বিষয়টি ভেবে নিরাপত্তা সংস্থাকে শোকজ করা হয়েছে। সংস্থার কাছ থেকে ৩ দিনের মধ্যে উত্তর চাওয়া হয়েছে। ঘটনার দিন উপস্থিত সকল নিরাপত্তারক্ষীদের জিজ্ঞাসাবাদ করছে হাসপাতাল কর্তৃপক্ষ। ঘটনার দিন রাতে তাঁরা কোথায় ছিলেন, সেখানে তাঁদের দেখা যায়নি কেন সেই বিষয়ে প্রশ্ন তুলেছে হাসপাতাল কর্তৃপক্ষ। হাসপাতালের ভারপ্রাপ্ত মেডিক্যাল সুপার অ্যান্ড ভাইস প্রিন্সিপাল সুবীর মজুমদার বলেছেন, পুলিশের পদক্ষেপে তাঁরা সন্তুষ্ট। কর্তৃপক্ষের তরফে হাসপাতালে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করার চেষ্টা চলছে।

ঘটনার অভিযোগে পুলিশ ইতিমধ্যেই ৩ জনকে গ্রেপ্তার করেছে। মূল অভিযুক্ত শেখ বাবুলাল, শেখ হাসিবুল ও শেখ সম্রাটকে গ্রেপ্তার করেছে। অস্থায়ী হোমগার্ড শেখ বাবুলালকে তাঁর পদ থেকে সাসপেন্ড করেছে পুলিশ। ঘটনায় আরও কেউ জড়িত রয়েছে কিনা তা খতিয়ে দেখা হচ্ছে।

## ছট পূজা উপলক্ষে বস্ত্র উপহার

**নিজস্ব সংবাদদাতা, হুগলি, ২৩ অক্টোবর**— রাজ্যের কৃষি বিপণন ও পঞ্চায়েত দপ্তরের প্রতিমন্ত্রী বেচারাম মান্না এবং হরিপালের বিধায়ক ডা. করবী মান্নার উদ্যোগে ছটপূজা উপলক্ষে হরিপালের কাশী বিশ্বনাথ সেবা সমিতি এবং সিঙ্গুর পঞ্চায়েত সমিতির হলঘরে সিঙ্গুর এবং হরিপাল বিধানসভা এলাকার হিন্দিভাষী দুঃস্থ মানুষদের হাতে বস্ত্র উপহার তুলে দেওয়া হল। হরিপাল বিধানসভা কেন্দ্রে এক হাজার মানুষকে শাড়ি, ধুতি ও গেঞ্জি প্রদান করা হয়। অন্যদিকে সিঙ্গুর বিধানসভা কেন্দ্রের সিঙ্গুর পঞ্চায়েত সমিতির সভা ঘরে এবং বেগমপুরে অমৃতময়ী প্রাথমিক বিদ্যালয়ে মোট ১২০০ জন মানুষকে শাড়ি, ধুতি গেঞ্জি দেওয়া হয়।

## নতুন গান উপহার দিয়ে শুভেচ্ছা

# মমতার হাতে ফোঁটা নিলেন সিপি-সহ নেতারা

**নিজস্ব প্রতিনিধি**— রাজ্যবাসীকে ভ্রাতৃদ্বিতীয়ার শুভেচ্ছা জানিয়ে বৃহস্পতিবার সমাজমাধ্যমে নিজের লেখা ও সুর করা গান পোস্ট করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। নিজের এক্স হ্যান্ডলে ২৫ সেকেন্ডের একটি মিউজিক ভিডিও পোস্ট করেন তিনি। গানটির নাম 'ভাইয়ের কপালে দিলাম ফোঁটা / মঙ্গলদ্বীপে জ্বলুক শিখা।' গানটি লিখেছেন ও সুর দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। গেয়েছেন গায়িকা ঐতিহ্য। এদিন কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাড়িতে এসে মমতা বন্দ্যোপাধ্যায়ের থেকে ফোঁটা নিয়ে গিয়েছেন সিপি মনোজ ভর্মা, মন্ত্রী ফিরহাদ হাকিম, জাভেদ খান, সুব্রত বক্সী, অরূপ বিশ্বাসরা।

সদ্য প্রশাসনিক পদ পেয়েছেন রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা কলকাতার প্রাক্তন মেয়র শোভন চট্টোপাধ্যায়। তাঁকে এনকেডিএ-র চেয়ারম্যান হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। এই আবহে বৃহস্পতিবার ভ্রাতৃদ্বিতীয়ায় মুখ্যমন্ত্রীর বাড়িতে গিয়ে ফোঁটা নিয়েছেন শোভন। তাঁর সঙ্গে ছিলেন বৈশাখী বন্দ্যোপাধ্যায়। বিজেপির সঙ্গে দূরত্ব তৈরির পর গত বছরও মুখ্যমন্ত্রীর বাড়িতে ভাইফোঁটার অনুষ্ঠানে গিয়েছিলেন শোভন। সম্প্রতি প্রথমে অভিষেক ও পরে মমতার সঙ্গে দেখা করার পর রাজ্যের প্রশাসনিক পদে ফিরেছেন তিনি। এবার তাঁর দলে প্রত্যাবর্তন শুধু সময়ের অপেক্ষা। এই আবহে ভাইফোঁটায় কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাড়ির অনুষ্ঠানে দেখা গেল তাঁকে।


ফাইল চিত্র

এদিন এক্স হ্যান্ডলে ২৫ সেকেন্ডের ভিডিওটি পোস্ট করে মমতা লিখেছেন, 'ভ্রাতৃদ্বিতীয়ায় সবাইকে আমার শুভেচ্ছা। আমার কথা ও সুরে, ঐতিহ্যর কণ্ঠে ছোট্ট নিবেদন।' ভাইফোঁটার আগে দুর্গাপুজো, লক্ষ্মীপুজো এমনকী কালীপুজোতেও এই একইভাবে নিজের লেখা ও সুর করা গান পোস্ট করে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছিলেন মমতা। বাংলার সংগীত জগতের একাধিক শিল্পী তাঁর লেখা গান গেয়েছেন। ভ্রাতৃদ্বিতীয়ার গানটি গেয়েছেন গায়িকা ঐতিহ্য। এদিক ভ্রাতৃদ্বিতীয়ার শুভেচ্ছা জানানোর পাশাপাশি সাহিত্যিক সুনীল গঙ্গোপাধ্যায়ের প্রয়াণদিবসে তাঁকে শ্রদ্ধা জানিয়েছেন মমতা। এক্স হ্যান্ডলে তিনি লেখেন, 'বাংলা সাহিত্যের দিকপাল, স্বনামধন্য সুনীল গঙ্গোপাধ্যায়ের প্রয়াণদিবসে জানাই বিনম্র শ্রদ্ধা।'

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রাজ্যের প্রশাসনিক প্রধান হওয়ার পাশাপাশি গান, কবিতা লেখা, সুর দেওয়া, ছবি আঁকা, গল্প লেখা ইত্যাদি কাজ সারা বছর করেন। তাই এবার বাঙালির বিভিন্ন পার্বণে নিজের লেখা ও সুর করা গানের মাধ্যমে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানাচ্ছেন তিনি। দুর্গাপুজোর সময়ও পুজোর উদ্যোক্তাদের অনুরোধে একাধিক পুজোর গান লিখেছিলেন মুখ্যমন্ত্রী। দুর্গাপুজোর পাশাপাশি কালীপুজোতেও তাঁর একটি গান প্রকাশ পেয়েছিল। সোমবার কালীপুজোর দিন সকালে নিজের এক্স হ্যান্ডেলে প্রায় ২ মিনিটের একটি মিউজিক ভিডিও পোস্ট করেছিলেন মমতা। কালীপুজো উপলক্ষে লেখা ওই গানটির নাম 'অন্ধকারকে ঘুচিয়ে দিয়ে/শান্তি নিয়ে এসো মা।' এই গানটি গেয়েছেন গায়িকা শ্রীরাধা বন্দ্যোপাধ্যায়।

## ঠাকুর দেখে ফেরার পথে দুর্ঘটনায় মৃত্যু

**নিজস্ব সংবাদদাতা, নদিয়া, ২৩ অক্টোবর**— কালীঠাকুর দেখতে গিয়েছিলেন ৩ জন যুবকের একটি দল। সেই ঠাকুর দেখে ফিরে আসার পথে করিমপুরে মর্মান্তিক দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ২১ বছরের এক যুবকের। দ্রুত গতিতে আসা দুটি বাইকের সংঘর্ষের ফলে দুর্ঘটনাটি ঘটেছে। ঘটনায় আহত হয়েছেন আরও ৫ জন। ঘটনাস্থল থেকে আহতদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। জানা গিয়েছে, আহতদের মধ্যে ৩ জনের শারীরিক অবস্থা বেশ আশঙ্কাজনক। বুধবার রাতের এই দুর্ঘটনায় শোকাহত মৃত যুবকের পরিবার। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, নদিয়ার করিমপুর থানার গড়াইমারি কৃষ্ণনগর-করিমপুর রাজ্য সড়কে। বুধবার করিমপুরে কালীপুজোর মেলায় ঘুরতে গিয়েছিলেন ৩ জন যুবক। একটি বাইকে করে ৩ জন গিয়েছিলেন। বুধবার রাতে সেখান থেকে ফিরছিলেন ওই তিনজন যুবক। তখন নিয়ন্ত্রণ হারিয়ে অপর দিক থেকে আসা একটি বাইকে গিয়ে ধাক্কা মারে ওই বাইকটি। অপর



দিক থেকে আসা ওই বাইকেও ছিলেন ৩ জন। ধাক্কা মারার ফলে ছিটকে পড়েন দুটি বাইকে থাকা ৬ জন যুবক। পুলিশের তরফে জানানো হয়েছে, দুটি বাইক বেপরোয়া গতি নিয়ে যাচ্ছিল। তখনই নিয়ন্ত্রণ হারিয়ে বাইকটি ধাক্কা মারে। ঘটনায় করিমপুর এলাকার কাগজিপাড়া এলাকার বাসিন্দা মৃত যুবকের নাম শুভদীপ বিশ্বাস। তাঁর বয়স ২১। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে। প্রথমে আহতদের করিমপুর গ্রামীণ হাসপাতলে নিয়ে যাওয়া হলেও আহত ৩ জনের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাঁদের শক্তিনগর জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। বাকি দুজনকে তেহট্ট মহকুমা হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

## অস্ত্র বিক্রি, ধৃত ২

**নিজস্ব প্রতিনিধি**-- বিহার থেকে রাজ্যে আগ্নেয়াস্ত্র বিক্রি করতে এসে এসটিএফ-এর হাতে ধরা পড়লেন এক ব্যক্তি। গ্রেপ্তার করা হয়েছে স্থানীয় এক বাসিন্দাকেও। তিনি অস্ত্র কিনতে এসেছিলেন। বীরভূমের তারাপীঠে ঘটনাটি ঘটেছে। বৃহস্পতিবার ধৃতদের রামপুরহাট আদালতে তোলা হলে ৫ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

ধৃতদের নাম অভয় কুমার শর্মা ও মিনারুল শেখ। অভয় বিহারের মুঙ্গেরের বাসিন্দা। অন্যদিকে মিনারুলের বাড়ি বীরভূমের মল্লারপুর থানার বিসিয়া গ্রামে। বুধবার রাজ্য এসটিএফ গোপন সূত্রে খবর পায়, মুঙ্গেরের এক ব্যক্তি অস্ত্র বিক্রি করতে তারাপীঠে আসছেন। সেই খবর পেয়ে বৃহস্পতিবার ভোরে ছদ্মবেশে এলাকায় হানা দেন এসটিএফ-এর আধিকারিকরা। ভোর ৪টে নাগাদ তারাপীঠের বেসিক মোড়ের একটি হোটেলের সামনে থেকে অভয়কে গ্রেপ্তার করে পুলিশ। গ্রেপ্তার হন মিনারুলও।

ধৃতদের কাছ থেকে ২টি ইম্প্রোভাইজড ৭.৬৫ এমএম সেমি অটোমেটিক পিস্তল, দুটি ম্যাগাজিন, একটি মোটরবাইক ও ৫ হাজার টাকা বাজেয়াপ্ত করে পুলিশ। ধৃতদের বিরুদ্ধে অস্ত্র আইনে তারাপীঠ থানায় মামলা দায়ের করা হয়েছে। এই চক্রের সঙ্গে আর কারা জড়িত তা খতিয়ে দেখছে পুলিশ।

## পুড়িয়ে মারার চেষ্টা যুবককে

**নিজস্ব প্রতিনিধি**— গায়ে পেট্রোল ঢেলে আগুন লাগিয়ে এক যুবককে মারার অভিযোগ। এমন মর্মান্তিক ঘটনার অভিযোগ শোনা গিয়েছে দক্ষিণ দমদমে। ঘটনার দায় পড়েছে স্থানীয় কাউন্সিলরের অনুগামীদের দিকে। অভিযোগ যুবককে পুড়িয়ে মারার চেষ্টা করেছিলেন কাউন্সিলরের অনুগামী সুশান্ত দাস ও সুমন ব্যানার্জী। ঘটনায় যুবকের দেহের ২০ শতাংশ অংশ পুড়ে গিয়েছে। হাসপাতালে চিকিৎসাধীন ওই যুবক। ঘটনার খবর পেয়ে পৌঁছয় নাগেরবাজার থানার পুলিশ। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ। যদিও কাউন্সিলরের দাবি, এই ঘটনায় কোনও রাজনীতি নেই। গাড়িতে তেল ভরার সময় ঘটনাটি ঘটেছে। প্রতিমা নিরঞ্জনের সময় মদ্যপরা দায়ী।

দক্ষিণ দমদমের ১১ নম্বর ওয়ার্ডের বেদিয়াপাড়া তারকনাথ কলোনিতে ঘটনাটি ঘটেছে। জানা গিয়েছে, বুধবার কালীপ্রতিমা নিরঞ্জনের পর দাঁড়িয়েছিলেন ওই যুবক। রঞ্জিত কর্মকার নামের ওই যুবক এলাকার একটি পরিবারের জামাই। স্থানীয় সূত্রে অভিযোগ, তিনি দাঁড়িয়ে থাকার সময় সেই জায়গা থেকে যাচ্ছিলেন এলাকার তৃণমূল কাউন্সিলর ও তাঁর অনুগামী সুশান্ত দাস ও সুমন ব্যানার্জী। অভিযোগ ঠিক তখনই পাশে দাঁড় করানো একটি বাইক থেকে পেট্রোল বার করে যুবকের গায়ে ছিটিয়ে দেন তাঁরা। এরপরেই জ্বলন্ত সিগারেট থেকে আগুন ধরে যায়। এরপরে রঞ্জিতকে আরজি কর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই চিকিৎসাধীন রয়েছেন রঞ্জিত। ঘটনায় রঞ্জিতের শাশুড়ি মনা দাস বলেন, 'রাতে পাড়ার সকলে মিলে প্রতিমা নিরঞ্জন করতে গিয়েছিলেন। ভোরবেলা দেখি আমার জামাইয়ের পিঠ আগুনে পুড়ে গিয়েছে। পেট্রোল ছিটিয়ে আগুন লাগিয়ে দিয়েছে।'

কাউন্সিলর মৃন্ময় দাস বলেছেন, 'পাড়ার ছেলেরা সবাই একসঙ্গে পুজো করেন। ভাসান দিয়ে ফেরার পথে কারও বাইকের তেল শেষ হয়ে গিয়েছে। এক বাইকের থেকে অন্য বাইকে তেল ভরার সময়ে সিগারেট খাচ্ছিলেন সকলে। মদ্যপ অবস্থায় ছিলেন তাঁরা। সেই সময়ই এক জনের পিঠে লেগে যায়। এই নিয়ে রাজনৈতিক রং লাগানোর চেষ্টা করা হচ্ছে।'

## দাঁতন থানায় ভাইফোঁটা বিশেষ চাহিদা সম্পন্নদের

**নিজস্ব সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর, ২৩ অক্টোবর**— বৃহস্পতিবার পশ্চিম মেদিনীপুর জেলার দাঁতন থানায় ভাইফোটার আয়োজন করা হয়। দাঁতন মানব কল্যাণ কেন্দ্রের বিশেষ চাহিদাসম্পন্ন বোনেরা দাঁতন থানায় গিয়ে দাঁতন থানার পুলিশ আধিকারিক ও পুলিশ কর্মীদের ভাইফোঁটা দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বেলদার মহকুমা পুলিশ আধিকারিক রিপন বল, দাঁতন থানার আইসি তীর্থসারথি হালদার সহ অন্যান্য পুলিশ আধিকারিকদের পাশাপাশি দাঁতন থানার পুলিশ কর্মীরা। যাঁরা এই সময় বাড়ি যেতে পারেননি, সেই সব পুলিশ আধিকারিক ও পুলিশকর্মীদের কপালে ফোঁটা দিয়ে তাদের দীর্ঘায়ু ও শুভ কামনা করলেন দাঁতন মানব কল্যাণ কেন্দ্রের বিশেষ চাহিদা সম্পন্ন বোনেরা।




টালিগঞ্জ তৃণমূল কংগ্রেস আয়োজিত ভাইফোঁটা উৎসবে নবনীড় বৃদ্ধাশ্রমের ১০০ জন আবাসিক ও সাংসদ সায়নী ঘোষ, জুন মালিয়া, বিধায়ক সায়ন্তিকা বন্দ্যোপাধ্যায়, ঋতুপর্ণা সেনগুপ্ত, শ্রাবন্তী চট্টোপাধ্যায়-সহ অন্যান্য টলিউডের অভিনেত্রীরা ভাইফোঁটা দিলেন মন্ত্রী অরূপ বিশ্বাসকে।

## বক্স বাজানো নিয়ে বচসা, যুবক খুন

**নিজস্ব প্রতিনিধি**— যুবককে কুপিয়ে খুনের অভিযোগ উঠল প্রতিবেশীর বিরুদ্ধে। কালীপুজোর মণ্ডপে বক্স বাজানো নিয়ে বচসার জেরেই এই খুন বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। নিহত যুবকের নাম সনাতন নস্কর। দক্ষিণ ২৪ পরগনার সোনারপুরের কুস্তিয়া এলাকার ঘটনা। ইতিমধ্যেই অভিযুক্তকে গ্রেপ্তারে করেছে পুলিশ। এই খুনের সঙ্গে আরও কেউ জড়িত রয়েছেন কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, বুধবার রাতে পাড়ার কালীপুজোর মণ্ডপে নিজের বক্সে গান বাজাচ্ছিলেন সনাতন। সেই সময় এক প্রতিবেশী সনাতনকে আওয়াজ কমাতে বলেন। এরপর সাউন্ডবক্স খুলে নিয়ে বাড়ি চলে যান সনাতন। এরপর আরেক প্রতিবেশী পিন্টু সাহা ও তাঁর স্ত্রী সনাতনকে বক্সে গান বাজাতে অনুরোধ করেন। এরপরেই সনাতন ও পিন্টুর মধ্যে কথাকাটাকাটি শুরু হয়ে যায়।

সনাতনের মা ও ভাইকে মারধর করেন পিন্টু ও তাঁর স্ত্রী। সেই সময় রুখে দাঁড়ান সনাতন। এরপর তাঁর উপর ঝাঁপিয়ে পড়েন পিন্টু। ছুরির আঘাতে রক্তাক্ত হন সনাতন। দ্রুত উদ্ধার করে তাঁকে কালিকাপুর হাসপাতালে নিয়ে যাওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। এরপর পিন্টু ও তাঁর স্ত্রীকে গ্রেপ্তার করে সোনারপুর থানার পুলিশ। রাতেই পুলিশ ঘটনাস্থলে পৌঁছে নমুনা সংগ্রহ করেছে। স্থানীয়দের দাবি, পিন্টুর ও তাঁর দুই আত্মীয়ও এই ঘটনার সঙ্গে জড়িত।

## দুর্যোগ কাটিয়ে তিস্তায় শুরু রিভার র‍্যাফটিং

**নিজস্ব সংবাদদাতা, শিলিগুড়ি, ২৩ অক্টোবর**— বন্যা-ধসের জেরে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে পাহাড়ে। আপাতত দুর্যোগ কাটিয়ে ঘুরে দাঁড়াচ্ছে পাহাড়। প্রায় প্রতিদিনই কাঞ্চনজঙ্ঘার দেখা মেলায় পাহাড়ে ফের ভিড় জমাচ্ছেন পর্যটকরা। এরই মধ্যে পর্যটকদের জন্য সুখবর। দুর্যোগের জেরে তিস্তায় বন্ধ থাকা রিভার র‍্যাফটিং ফের চালু হয়েছে। তবে পর্যটকদের নিরাপত্তার কথা ভেবে এবার বেশ কিছুটা কড়াকড়ি শুরু হয়েছে।

লাইফ জ্যাকেট, হেলমেট পরার পাশাপাশি নদীতে যাতে কেউ স্টান্ট না করেন, সেদিকেও নজর রাখছে জিটিএ। কোনওরকম দুর্ঘটনা যেন না ঘটে, সেজন্য সবরকমের সতর্কতা অবলম্বন করার নির্দেশ দেওয়া হয়েছে। জিটিএ পর্যটন বিভাগের ফিল্ড ডিরেক্টর দাওয়া গ্যালপো শেরপা বলেন, 'পর্যটকেরা রিভার র‍্যাফটিং করতে ভালোবাসেন। তাই পুনরায় তা চালু করার জন্য গাইডদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে।'

প্রসঙ্গত, অ্যাডভেঞ্চার ট্যুরিজমের মধ্যে অন্যতম রিভার র‍্যাফটিং। তিস্তায় এই রোমাঞ্চকর অনুভূতি নিতে প্রতিবছরই দেশ, বিদেশের পর্যটকরা উত্তরবঙ্গে ভিড় জমান আসেন। অবশ্য এই মজা নিতে অনেকে ঋষিকেশ, মানালি, লাদাখ, কুর্গ কেও বেছে নেন। তবে তিস্তায় র‍্যাফটিংয়েরও চাহিদা রয়েছে।

## ক্রিপ্টো জালিয়াতি

# ওড়িশায় ধৃত বাংলার ৩০

**নিজস্ব প্রতিনিধি**-- ক্রিপ্টোকারেন্সি জালিয়াতির সঙ্গে জড়িত থাকার অভিযোগে ওড়িশা থেকে গ্রেপ্তার করা হয়েছে পশ্চিমবঙ্গের ৩০ জন বাসিন্দাকে। বৃহস্পতিবার ভোরে ওড়িশার কটক থেকে তাঁদের গ্রেপ্তার করে পুলিশ। তদন্তকারীদের অনুমান, এই জালিয়াতির সঙ্গে আরও অনেকে জড়িত। তাঁদের খোঁজে তল্লাশি শুরু করা হয়েছে।

বুধবার রাত ৮টা নাগাদ টুইন সিটি কমিশনারেট পুলিশের কাছে গোপন সূত্রে একটি খবর আসে। পুলিশ জানতে পারে, ক্রিপ্টোকারেন্সি জালিয়াতির সঙ্গে জড়িতরা কটকের শিখরপুর এলাকার একটি হোটেলে উঠেছে। সেই খবরের ভিত্তিতে হোটেলে হানা দেয় পুলিশ। এই অভিযানে ৩০ জন পশ্চিমবঙ্গের বাসিন্দাকে গ্রেপ্তার করা হয়। তদন্তকারীদের অভিযোগ, ধৃতরা ক্রিপ্টোকারেন্সি জালিয়াতির সঙ্গে জড়িত। পুলিশ সূত্রে খবর, হোটেলের রেজিস্টারে ৩০ জনের নাম থাকলেও আরও কয়েকজন অভিযুক্ত হোটেলের আশপাশেই রয়েছেন। তাঁদের খোঁজে শুরু হয়েছে তল্লাশি। ধৃত ৩০ জন অভিযুক্তকে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। ওই হোটেলের মালিক এবং কর্মীদেরও জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

উল্লেখ্য, চলতি বছরের সেপ্টেম্বর মাসে কটকে লক্ষ লক্ষ টাকার ক্রিপ্টোকারেন্সি জালিয়াতির চক্র ফাঁস হয়েছিল। সেই মামলায় অবিনাশ ওঝা, প্রতীক চৌরাসিয়া ও গগন সাহু নামে ৩ জনকে গ্রেপ্তার করে পুলিশ। তাঁদের বিরুদ্ধে অভিযোগ ওঠে, তাঁরা নিজেদের ব্যাঙ্কের কর্মচারী পরিচয় দিয়ে একাধিক ব্যক্তিকে ক্রিপ্টোকারেন্সিতে বিনিয়োগের প্রলোভন দেখিয়েছিলেন। তারপর তাঁদের থেকে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছিলেন। এই ঘটনার সঙ্গে বৃহস্পতিবার ৩০ জনের গ্রেপ্তার হওয়ার ঘটনার কোনও যোগ আছে কি না তা খতিয়ে দেখছে পুলিশ।

## গণ ভাইফোঁটা

**নিজস্ব সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর, ২৩ অক্টোবর**— বৃহস্পতিবার পশ্চিম মেদিনীপুর জেলার ঘাটাল শহরের বিবেকানন্দ মোড়ে দুর্বার পল্লীর যৌনকর্মীদের নিয়ে ভারতীয় রেডক্রস সোসাইটির উদ্যোগে গণ ভাইফোঁটার আয়োজন করা হয়। ওই গণ ভাইফোঁটায় উপস্থিত ছিলেন ঘাটালের মহকুমা শাসক সুমন বিশ্বাস, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদের কৃষি দপ্তরের কর্মাধ্যক্ষ আশিষ হুতাইত, ঘাটালের প্রাক্তন বিধায়ক শংকর দোলুই সহ আরো অনেকে।

## আমহার্স্ট স্ট্রিটের প্রিন্টিং প্রেসে আগুন

**নিজস্ব প্রতিনিধি**— সাতসকালে কলকাতায় অগ্নিকাণ্ড। বৃহস্পতিবার সকালে আমহার্স্ট স্ট্রিট এলাকার একটি প্রিন্টিং প্রেসে আগুন লেগে যায়। সকাল সাড়ে ৭টা থেকে ৮টার মধ্যে আগুন লাগে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছোয় দমকলের ৪টি ইঞ্জিন। পরে আরও একটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছেছে। তবে এলাকা এতটাই ঘিঞ্জি যে ঘটনাস্থলে ঢুকতে রীতিমতো বেগ পেতে হয় দমকল কর্মীদের।

কীভাবে আগুন লাগল, তা স্পষ্ট নয়। শর্ট সার্কিট থেকেই এই আগুন লাগতে পারে বলে প্রাথমিক অনুমান দমকলের। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, সকালে ওই প্রিন্টিং প্রেস থেকে কালো ধোঁয়া বেরোচ্ছিল। সঙ্গে সঙ্গে তাঁরা দমকলকে খবর দেন। ভিতরে দাহ্য পদার্থ থাকায় দ্রুত আগুন ছড়িয়ে পড়েছে। ক্ষতিগ্রস্ত হয়েছে আশপাশের বেশ কিছু দোকান।

যুদ্ধকালীন তৎপরতায় আগুন নেভানো হয়। এলাকার কাউন্সিলরও ঘটনাস্থলে যান। অগ্নিকাণ্ডের জেরে ধোঁয়ায় ভরে যায় আশপাশের এলাকা। পরিস্থিতি এতটাই জটিল হয়ে পড়ে যে গ্যাসমাস্ক পড়ে ভিতরে ঢুকতে হয় দমকল কর্মীদের। আগুন যাতে ছড়িয়ে না পড়ে, তার জন্য তৎপর ছিল দমকলবাহিনী। এই ঘটনায় গোটা এলাকায় তীব্র আতঙ্ক ছড়িয়েছে।

## নাবালিকাকে ধর্ষণের অভিযোগে গ্রেপ্তার

**নিজস্ব সংবাদদাতা, নদিয়া, ২৩ অক্টোবর**— এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগ উঠল প্রতিবেশী এক যুবকের বিরুদ্ধে। গ্রেপ্তার অভিযুক্ত। ঘটনাটি ঘটেছে, নদিয়ার পলাশিপাড়া এলাকায়।

জানা গিয়েছে, মঙ্গলবার রাতে নবম শ্রেণীর ছাত্রী শৌচালয়ে গিয়েছিল। অভিযোগ, সেই সময় প্রতিবেশী যুবক ওই নাবালিকাকে ডেকে নিয়ে যায় একটি ঝোপে। পরিচিত থাকায় আপত্তি জানায়নি ওই নাবালিকা। এরপর ওই ঝোপে রাখা একটি ট্রাক্টরের মধ্যেই নাবালিকাকে ধর্ষণ করা হয় বলে অভিযোগ। অভিযুক্ত যুবক নাবালিকাকে মদ্যপান করিয়ে ধর্ষণ করে বলে অভিযোগ নাবালিকার পরিবারের।

পরিবার সূত্রে জানা গিয়েছে, এরপর নাবালিকা বাড়ি ফিরে পরিবারের সদস্যদের বিষয়টি জানায়। বুধবার পরিবারের সদস্যরা থানায় ওই যুবকের বিরুদ্ধে অভিযোগ জানান।

নাবালিকার পরিবারের অভিযোগের ভিত্তিতে অভিযুক্ত যুবককে গ্রেপ্তার করে পুলিশ।

GAMCO
LET'S GROW

GAMCO LIMITED
(Formerly known as Visco Trade Associates Limited)
Regd. Office: 25A, S.P. Mukherjee Road, 3rd floor, Bhawanipore, Kolkata- 700025
CIN: - L57339WB1983PLC035628; Contact No.: 033 24750073;
E-Mail:- tradevisco@gmail.com; Website: - www.gamco.co.in

Extract of Unaudited Financial Results for the quarter and half year ended 30 September, 2025 (Rs.in Lakhs)

| Sl.No. | Particulars | Standalone | | | | | | Consolidated | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Quarter ended 30.09.2025 Unaudited | Quarter ended 30.06.2025 Unaudited | Quarter ended 30.09.2024 Unaudited | Half year ended 30.09.2025 Unaudited | Half year ended 30.09.2024 Unaudited | Year ended 31.03.2025 Audited | Quarter ended 30.09.2025 Unaudited | Quarter ended 30.06.2025 Unaudited | Quarter ended 30.06.2024 Unaudited | Half year ended 30.09.2025 Unaudited | Half year ended 30.09.2024 Unaudited | Year ended 31.03.2025 Audited |
| 1 | Total Income from Operations | 6,785.50 | 5,220.34 | 2,064.40 | 12,005.83 | 5,495.93 | 5,096.94 | 8,717.89 | 5,524.47 | 2,286.82 | 14,242.34 | 5,997.10 | 6,246.32 |
| 2 | Net Profit/(Loss) for the period (before tax exceptional and/or extraordinary items) | (937.21) | 1,907.20 | 1,396.45 | 969.98 | 3,679.09 | 612.15 | (984.67) | 1,956.91 | 1,430.84 | 972.21 | 3,713.64 | 785.13 |
| 3 | Net Profit/(Loss) for the period before tax (after exceptional and/or extraordinary items) | (937.21) | 1,907.20 | 1,396.45 | 969.98 | 3,679.09 | 612.15 | (984.67) | 1,956.91 | 1,430.84 | 972.21 | 3,713.64 | 785.13 |
| 4 | Net Profit/(Loss) for the period after tax (after exceptional and/or extraordinary items) | (775.20) | 1,451.65 | 1,026.79 | 676.43 | 2,900.18 | 516.28 | (836.02) | 1,488.60 | 1,055.51 | 652.55 | 2,928.56 | 644.78 |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit/(Loss) for the period (after tax) and other comprehensive income (after tax)] | (775.20) | 1,474.40 | 1,044.81 | 699.18 | 2,918.20 | 548.90 | (824.67) | 1,502.46 | 1,073.53 | 677.75 | 2,946.58 | 676.49 |
| 6 | Paid-up Equity Share Capital (Face Value Re 2/- per share) | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 | 1,080.63 |
| 7 | Earnings Per Share Basic & diluted (in Rs) | (1.43) | 2.69 | 1.90 | 1.25 | 5.37 | 0.96 | (1.54) | 2.73 | 1.95 | 1.20 | 5.42 | 1.19 |

Notes:
1)The above results were reviewed by the Audit Committee and taken on record by the Board of Directors in their meeting held on October 22, 2025.
2) The above is an extract of the detailed format of Financial Results for the quarter and half year ended September 30, 2025 filed with Stock Exchanges under regulation 33 of SEBI (Listing obligation and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Financial Results for the quarter and half year ended September 30, 2025 are available on the Stock Exchange website. www.bseindia.com and the Company's website www.gamco.co.in

Place : Kolkata
Date : 22-10-2025

For GAMCO Limited
(Formerly known as Visco Trade Associates Ltd)
Sd/-
Rajeev Goenka
Managing Director
DIN: 03472302